

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.১৮- ১২২

তারিখ: ১৯ এপ্রিল ২০১৮

- বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের মার্চ ২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।
- সভাপতি : গাজী মোহাম্মদ জুলহাস এনজিসি
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।
- স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।
- তারিখ ও সময় : ০৮ এপ্রিল ২০১৮, সময় : সকাল ১০.০০ টা।
- উপস্থিতি : পরিশিষ্ট “ক”।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (অর্থ ও কল্যাণ) গত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং তা সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় দৃষ্টীকরণ করা হয়। গত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” এ প্রদত্ত তথ্যের উপর আলোচনা।	(ক) প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে মৃত্যুজনিত ক্ষতিপূরণ/ বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত “ছক” অনুযায়ী বিগত মার্চ ২০১৮ মাসের প্রাপ্ত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থাপিত তথ্যে প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পন্নকৃত কেইসের সংখ্যা বেশী থাকায় মহাপরিচালক সন্তোষ প্রকাশ করেন। আর্থিক অনুদান সংক্রান্ত প্রাপ্ত কেইসসমূহ অবশ্যই দুই মাসের মধ্যে নিষ্পত্তি করার বিষয়ে সভায় আলোচনা হয়।	আর্থিক অনুদান প্রদান সংক্রান্ত প্রাপ্ত কেইসসমূহ অবশ্যই দুই মাসের মধ্যে নিষ্পত্তি করতে হবে।	পরিচালক (অর্থ কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	ইআরপি সিস্টেম ব্যবহার	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের সার্বিক কার্যক্রম ইআরপি সিস্টেমের আওতায় আনয়নের লক্ষ্যে টেকনোহেভেন কোম্পানী কর্তৃক নির্মিত সফটওয়্যারটি সম্পূর্ণ ব্যবহার উপযোগী করণের নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়। সভায় পরিচালক (আইআরপি) জানান যে, গঠিত কমিটি ইতোমধ্যে কাজ শুরু করেছে। প্রত্যেককে দায়িত্ব আলাদা করে দেয়া হয়েছে। যেন যথাযথভাবে সংশ্লিষ্ট এসআরএস ও চাহিত রিকুইজিশন অনুযায়ী রিপোর্ট তৈরী করতে পারে। আশা করা যায় নির্দিষ্ট সময়ের মধ্যেই রিপোর্ট দেয়া সম্ভব হবে।	গঠিত কমিটি কর্তৃক ইআরপি সফটওয়্যার ব্যবহারে উদ্ভূত সমস্যাসমূহ চিহ্নিত করে নির্দিষ্ট সময়ের মধ্যে একটি পূর্ণাঙ্গ রিপোর্ট দাখিল করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি

